তারিখ ... 11 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪

দৈনিক বাংলা

245

# সংসদ অভিমুখে আজ ছাত্র মিছিল

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

জাতীয় সংসদের বাজেট অধিবেশনের উদ্বোধনী দিনে আজ বিভিন্ন ছাত্র সংগঠন সংসদ ভবন অভিমুখে বিক্ষোভ মিছিল বের করবে এবং

(৪-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সংসদ অভিমুখে

(প্রথম পৃষ্ঠার পর)

সংসদের স্পীকার, সংসদ নেত্রী এবং বিরোধী দলীয় নেত্রীর কাছে স্মারক লিপি পেশ করবে।

বাজেটে শিক্ষাখাতে বরাদ্দ বৃদ্ধি, সংবিধানের সকল অগণতান্ত্রিক সংশোধনী বাতিল, তিন জোটের রূপরেখা অনুযায়ী সংসদীয় পদ্ধতির সরকার প্রতিষ্ঠা, এক লক্ষ ৮৫ হাজার সরকারী শূন্য পদে লোক নিয়োগ, শিক্ষাঙ্গনকে অস্ত্র ও সন্ত্রাসমুক্ত করাসহ ছাত্র সমাজের দশ দফা দাবী বাস্তবায়নের লক্ষ্যে ছাত্রসংগঠনগুলি এ কর্মসূচী ঘোষণা করেছে।

ছাত্রলীগ (শা-অ), ছাত্রলীগ (না-শ), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন, জাতীয় ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, বাংলাদেশ ছাত্র মৈত্রী, বাংলাদেশ ছাত্র সমিতি, বাংলাদেশ ছাত্র ফেডারেশন, এবং ইসলামী ছাত্র শিবির পৃথক পৃথকভাবে এই কর্মসূচী পালন করবে।